



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৭১২/ইংলিশ/৫৪৫

তারিখ: ২৭/০৯/২০২৬ খ্রি.

বিষয়: বিদেশি কারিকুলাম-এ পরিচালিত 'ইলম ইন্টারন্যাশনাল স্কুল'-এর সাময়িক নিবন্ধন প্রদান।

সূত্র: পরিদর্শনকারী কর্মকর্তার ৩১/০৮/২০২৬ তারিখে দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রত্যয়ন করা যাচ্ছে যে, ILM International School, ৩/এ, সুজাতনগর, পল্লবী, মিরপুর-১২, ঢাকা- কে “রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962)” এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত “বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস.আর.ও নং- ১৭৩-আইন/২০১৭)” এর ধারা ৩ এর উপ-ধারা ৩ এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়- কে ০১/০৭/২০২৬ তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য O-Level এবং A-Level পর্যায়ে সাময়িক নিবন্ধন প্রদান করা হলো।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:

- ১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
- ২। এ পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্ধারিত ফি জমা পূর্বক EIIN এবং Password গ্রহণ করতে হবে;
- ৩। বিধিমালার ৬(৪) বিধি অনুযায়ী বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন এবং ২০(৩) বিধি অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফর্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে পূর্ণাঙ্গ তথ্যসহ প্রতিবেদন দাখিল করতে হবে;
- ৪। প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ বিধি যথাযথ অনুসরণ করতে হবে। শিক্ষক-কর্মচারী নিয়োগের পূর্বে নিয়োগ কমিটিতে বোর্ডের ০১জন প্রতিনিধি অর্ন্তভুক্তির লক্ষ্যে বোর্ডে আবেদন করতে হবে;
- ৫। উক্ত বিধিমালার ১৪ বিধি মোতাবেক প্রতিষ্ঠানের জন্য কাম্য পরিমাণ ভূমি ও নির্ধারিত ভবন থাকতে হবে এবং উপ-বিধি ৪ মোতাবেক ৩ (তিন) বছরের মধ্যে প্রতিষ্ঠানের নামে নিজস্ব মালিকানাধীন ভূমি ও ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে;
- ৬। উক্ত বিধিমালার ১৫ বিধি যথাযথভাবে অনুসরণ পূর্বক শ্রেণিভিত্তিক পাঠদান করতে হবে। পাঠদানের জন্য বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা-সার্বভৌমত্বের বিরোধী পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না;
- ৭। বিধিমালার ১৯ বিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
- ৮। বিদ্যালয়ের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে ন্যূনতম ২,০০,০০০/- রাখতে হবে। যা কোনো অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;
- ৯। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করা সহ জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- ১০। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশনসহ বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করতে হবে;
- ১১। স্বতন্ত্র লাইব্রেরিতে ন্যূনতম ৪০০০টি বই এবং বিজ্ঞানাগারে পর্যাপ্ত সরঞ্জামাদি সংরক্ষণ করতে হবে;
- ১২। প্রতিষ্ঠানের জন্য ভাড়া কৃত ভবনে কোন অবস্থাতেই এ প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন কার্যক্রম (দোকান) পরিচালনা করা যাবে না;
- ১৩। সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অনূহন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা পূর্বক নিবন্ধনের আবেদন করতে হবে;
- ১৪। বিধিমালার ২৩ বিধি অথবা অধ্যাদেশের ৬ ধারা অনুযায়ী সাময়িক নিবন্ধন/নিবন্ধন স্থগিতের ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

চেয়ারম্যানের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. মোঃ মাসুদ রানা খান

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

☎ ০২-৫৮৬১০০৬৯

ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

তারিখ: ২৭/০৯/২০২৬ খ্রি.

প্রাপক:

অধ্যক্ষ

ইলম ইন্টারন্যাশনাল স্কুল

৩/এ, সুজাতনগর, পল্লবী, মিরপুর- ১২, ঢাকা

মেমো নং- ৫৪৫ (৭)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, ঢাকা;
- ৪। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৫। কান্দি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি-৩১, রোড-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩;
- ৬। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার
পিয়রসন এডুকেটেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পাহুপথ, ঢাকা;
- ৭। প্রতিষ্ঠাতা/পরিচালক, ইলম ইন্টারন্যাশনাল স্কুল, ৩/এ, সুজাতনগর, পল্লবী, মিরপুর- ১২ ঢাকা;
- ৮। অফিস কপি।

২৭.৭.২৬
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

২৭.০৭.২০২৬